

3 (Sem-4/CBCS) BEN SE

2023

BENGALI

(Skill Enhancement Course)

Paper : BEN-SE-4014

(প্রফ সংশোধন)

Full Marks : 50

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৪=৪
- (ক) হরফের পরিমাপ (size) বোঝানোর জন্য কোন্ শব্দ ব্যবহার করা হয় ?
- (খ) ছাপাখানা থেকে প্রফ কোন্ বিভাগে চলে আসে ?
- (গ) লেখা, কম্পোজ করা ও সংশোধন করার প্রক্রিয়াটির প্রথম স্তরে কে থাকেন ?
- (ঘ) প্রফ শিটের (proof sheet) নির্দেশিকায় 'বর্জন করে জুড়ে দিন' নির্দেশটি থাকলে মার্জিনে কোন্ চিহ্ন বসাতে হবে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৩=৬

- (ক) প্রফ সংশোধনের কাজ চলার সময় কমা, উদ্ধৃতি চিহ্নসহ সবকিছু পড়ার দায়িত্ব কার? প্রফ সংশোধনের কাজটি কে করেন?
- (খ) প্রফের ভুল-ত্রুটি সংশোধনের শেষ ধাপ কোনটি? এই ধাপে যিনি সংশোধনের কাজ করেন তাঁকে কী বলা হয়?
- (গ) কম্পোজিশন কত রকমের হয়? যে কোনো একরকমের নাম উল্লেখ করো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) একটি টাইপ করা কপিতে কত ধরনের সংশোধনযোগ্য ত্রুটি থাকতে পারে এবং কী কী? তাদের পরিচয় দাও।
- (খ) হট কম্পোজিশন প্রক্রিয়াটি কী তা বর্ণনা করো।
- (গ) আধুনিক অফসেট প্রেসের যুগে প্রফের প্রকারভেদগুলোর বিবরণ দাও।
- (ঘ) পঙক্তিবিন্যাস সম্পর্কিত যে কোনো পাঁচটি সংশোধনী নির্দেশ লেখো ও তাদের চিহ্নগুলো উল্লেখ করো।

২+৩=৫

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) প্রফ সংশোধনের প্রথম দুটি স্তরের কার্যপ্রণালী বিশ্লেষণ করো।
- (খ) হ্রস্ববিন্যাস সম্পর্কিত সংশোধনী নির্দেশিকাগুলো কীভাবে কাজ করে তা সংশ্লিষ্ট চিহ্ন প্রয়োগ করে বুঝিয়ে দাও।
- (গ) কম্পোজিটর, অপারেটর ও ম্যাটার সংশোধকের কাজগুলো কী কী তা আলোচনা করো।

- (ঘ) গ্যালি প্রফ সম্বন্ধে ধারণাটি বিশদে আলোচনা করো ।
(ঙ) নিম্নলিখিত মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত ক্রটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশ ও চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :

চশমা-আঁটা পণ্ডিতে কয়, শিশুর দেহ দেখে—
“হাড়ের পরে মাংস গেঁথে, চামড়া দিয়ে ঢেকে,
শিরার মাঝে রক্ত দিয়ে, ফুসফুসেতে বায়ু,
বাঁধল দেহ সুঠাম করে পেশী এবং স্নায়ু ।”
কবি বলেন, “শিশুর মুখে হেরি তরুণ রবি,
উৎসারিত আনন্দে তার জাগে জগৎ ছবি ।
হাসিতে তার চাঁদের আলো, পাখির কলকল,
অশ্রু-কণা ফুলের দলে শিশির ঢলঢল ।”

অসংশোধিত প্রফ :

চশমা আঁটা পণ্ডিতে কয়, শিশুর দেহ দেখে
“হাড়ের পরে মাংস গেঁথে, চামড়া দিয়ে ঢেকে
শিরার মাঝে রক্ত দিয়ে, ফুসফুসেতে বায়ু,
বাঁধল দেহ সুঠাম করে করে পেশী এবং স্নায়ু ।”
কবি বলেন, শিশুর মুখে হেরি তরুণ রবি,
উৎসারিত আনন্দে তার জাগে জগত ছবি ।
হাসিতে তার চাঁদের আলো, খিপার কলকল,
অশ্রু-কণা ফুলের দলে শিশির ঢলঢল ।”

[ক্রটির স্থানগুলো নির্দেশ করে মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও ।]

- (চ) নিম্নলিখিত গদ্যাংশের মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত প্রফটির ক্রটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশিকা চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :

এর নিশ্চিত সাক্ষ্য মিলবে উপন্যাসটির ৫০ সংখ্যক

পরিচ্ছেদের শেষাংশে ও ৫১ সংখ্যক পরিচ্ছেদে—কুমু, বিপ্রদাস ও মোতির মা'র কথোপকথনে। কুমু বিপ্রদাসকে বলেছে—

“দাদা তুমি আর কথা কোয়ো না। তুমি যাকে মুক্তি বল, যা জ্ঞানের দ্বারা হয়, আমাদের রক্তের মধ্যে তার বাধা। আমরা মানুষকেও জড়িয়ে থাকি, বিশ্বাসকেও; কিছুতেই তার জট ছাড়াতে পারিনে। যতই ঘা খাই ঘুরে ফিরে আটকা পড়ি।” ১৪

সমগ্র উপন্যাসে কুমুর চরিত্রে আবহমান সমাজ-চৈতন্যকে ঘিরে এই রক্তের মধ্যকার ‘বাধা’ ও ‘জট’ ছাড়াবার আত্মক্ষয়ী সংগ্রামের শিল্পিতবিন্যাস ফুটে উঠেছে।

অসংশোধিত প্রফ :

রএ নিশ্চিত সাখ্য মিলবে উপন্যাসটির পঞ্চাশ সংখ্যক পরিচ্ছেদের শেষাংশে ও একাল সংখ্যক পরিচ্ছেদে— কুমু বিপ্রদাস ও ধোতির মায়ের কথোপকথনে। কুমু বিপ্রদাসকে বলেছে,

“দাদা তুমি আর কথা কয়ো না। তুমি যাকে ভক্তি বল, যা জ্ঞানের লোকের হয়, আমাদের রক্তের মধ্যে আমরা মানুষকেও জড়িয়ে থাকি, বিশ্বাসকেও; কিছুতেই তার জট ছাড়াতে পারিনি। যতই ঘা খাই ঘুরে ফিরে আটকা পড়ি।” ১৪

সমগ্র উপন্যাসে উমুর চরিত্রে আবহমান সমাজ-চৈতন্যকে ঘিরে এই রক্তের মধ্যকার ‘বাধা’ ও ‘জট’ ছাড়াবার আত্মক্ষয়ী সংগ্রামের শি ল্পিত বিন্যাস ফুটে উঠেছে।

[ক্রটির স্থানগুলো নির্দেশ করে মার্জিনে উপযুক্ত সংশোধনী চিহ্ন দাও।]
